দৈনিক ইনকিলাব



ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 JUN 1989
পৃষ্ঠা ... কলাম ...

# ফরিদগঞ্জ মাদ্রাসা কেন্দ্রের কামিল পরীক্ষার্থীদের পরীক্ষা বর্জন

॥ ইনকিলাব রিপোর্ট ॥

মাদ্রাসা শিক্ষা বোর্ড কামিল পরীক্ষার ক্ষেত্রে উত্তরপত্রে একটি মাত্র ভাষা ব্যবহারের নির্দেশ দেয়ায় ফরিদগঞ্জ মাদ্রাসা কেন্দ্রের কামিল পরীক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে।

কামিল পরীক্ষার উত্তরপত্রে একাধিক ভাষা ব্যবহারের নিয়ম প্রচলিত ছিল। মাদ্রাসা শিক্ষা বোর্ড কামিল পরীক্ষার মাত্র তিন দিন পূর্বে উত্তরপত্রে একটি মাত্র ভাষা ব্যবহারের নির্দেশ প্রদান করে। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য করার কথা উক্ত নির্দেশে উল্লেখ করা হয়।

এত স্বল্প সময়ের মধ্যে পরীক্ষার্থীদের পক্ষে নতুন নির্দেশ মোতাবেক পরীক্ষার জন্য প্রস্তুতি নেয়া সম্ভব না হওয়ার কারণে পরীক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে।